দৈনিক বাংলা

তারিখ ... 07 MAY 1987 ... ...
পৃষ্ঠা ... ... ১ কলাম ১ ... ...

২৩ মে বৈশাখ ১৩৯৪

ডকুমেন্টেশন কেন্দ্র

দৈনিক বাংলা

শিক্ষকরা বর্ধিত অনুদান ঈদের আগেই পাবেন: মাহবুব

বেসরকারী কলেজ, মাধ্যমিক স্কুল ও মাদ্রাসা শিক্ষকদের এবং এসব শিক্ষা প্রতিষ্ঠানের চতুর্থ শ্রেণীর কর্মচারীদের বেতনের ক্ষেত্রে সরকার প্রদত্ত শতকরা ১০ ভাগ বর্ধিত অনুদান ঈদুল ফিতরের আগেই প্রদান করা হবে। শিক্ষা-মন্ত্রী জনাব মাহবুবুর রহমান গতকাল ঢাকায় একথা জানান।

সচিবালয়ে বাসসর সাথে আলোচনাকালে মন্ত্রী বলেন, এব্যাপারে

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

মাহবুব

(প্রথম পৃঃ পর)

প্রয়োজনীয় সকল নির্দেশ দেয়া হয়েছে এবং বকেয়াসহ পাওনা প্রদানের পদক্ষেপও নেয়া হয়েছে। এ পাওনা প্রদানে শিক্ষাখাতে সরকারী বরাদ্দ থেকে ৩৬ কোটি টাকা ব্যয় হবে বলে তিনি জানান।

জনাব রহমান বলেন, ইতিপূর্বে প্রেসিডেন্ট এরশাদ ঘোষিত সিদ্ধান্ত মোতাবেক এ বর্ধিত অনুদান প্রদত্ত হচ্ছে।

বিশিষ্ট শিক্ষাবিদ, শিক্ষক ও শিক্ষা বিষয়ক প্রশাসকদের সমন্বয়ে সম্প্রতি গঠিত শিক্ষা কমিশন সম্পর্কে শিক্ষামন্ত্রী বলেন, শিক্ষা কমিশন তার কাজ শুরুর দিন থেকে ৩ মাসের মধ্যে তার রিপোর্ট পেশ করবেন।

বাংলা ব্যবহার সম্পর্কে সাম্প্রতিক সরকারী সিদ্ধান্তের ব্যাপারে শিক্ষামন্ত্রী বিশেষ গুরুত্ব দিয়ে বলেন, বাংলা আমাদের জাতীয় ও রাষ্ট্রীয় ভাষা, তাই এর ব্যবহার আমাদের জন্য দেশপ্রেমমূলক বাধ্যবাধকতা। কিন্তু তার অর্থ এই নয় যে অন্যান্য ভাষা বাংলাদেশের মাটি থেকে নির্বাসিত হয়েছে। ইংরেজী আন্তর্জাতিক ভাষা বিধায় আমাদের শিক্ষার অংশ হিসেবে তার স্থান ও অবস্থান অবশ্যই থাকবে।

শিক্ষামন্ত্রী আরো বলেন, আরবী আমাদের কোরানের ভাষা, তাই বাংলা, ইংরেজী ও আরবী ভাষার ব্যাপারে সরকারী নীতি সম্পর্কে কোন ভুল বোঝাবুঝি থাকা উচিত হবে না। কারণ, এর প্রত্যেকটিরই নিজস্ব স্থান, অবস্থান ও প্রয়োজনীয়তা রয়েছে।